

শ্রেণি- তৃতীয়, বিষয় - বাংলা

অধ্যায়- কুঁজো বুড়ির গল্প

মূলশব্দ : কুঁজো বুড়ি  $\rightarrow$  তিনটি কুকুর  $\rightarrow$  নাতনির বাড়ি  $\rightarrow$  শিয়ালের সাথে দেখা  $\rightarrow$  বাঘের সাথে  
দেখা  $\rightarrow$  লাউয়ের খোল  $\rightarrow$  চিঁড়ে আর গুড়  $\rightarrow$  ফিরে আসা  $\rightarrow$  খেতে চাইল  $\rightarrow$  বাঘ ও শিয়াল

নতুন শব্দ ও বাক্য গঠন :

কুঁজো - যার পিঠ বাঁকা ও ফোলা।

খিদে - ক্ষুধা।

মুশকিল - অসুবিধা।

এক্ষুনি - এখনই।

তক্ষুনি - তখনই।

নাঞ্জানাবুদ - নাজেহাল।

মহাচিন্তা - খুব দুশ্চিন্তা।

যুক্তবর্ণ ভেঙ্গে শব্দগঠন :

ঞ্চ, ঙ্গ, চ্ছ, দ্ব, ত্ত, হ্য, স্ত, ত্ত, স্থ, ক্র ন্দ, ক্ষ

মূলভাব :

এক কুঁজো বুড়ি ছিল। তাঁর তিনটি কুকুর ছিল। সে একদিন ঠিক করল সে নাতনির বাড়ি যাবে। যাওয়ার পথে  
শিয়াল ও বাঘের সাথে দেখা হল। তারা বুড়িকে খেতে চাইল। বুড়ি তাদেরকে বলল যে আমি খেয়ে মোটাতাজা  
হয়ে আসলে খেও। বুড়ি নাতনিকে সবকিছু বলার পর নাতনি তাকে একটি লাউয়ের খোলায় ভরে চিঁড়ে আর গুড়  
সাথে দিয়ে পাঠালো। পথে আবার শিয়াল ও বাঘের সাথে দেখা হল। তারা বুড়িকে খেতে চাইলে বুড়ি তাঁর কুকুর  
তিনটির সাহায্যে রক্ষা পেল।